গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জুলাই মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	৩১ জুলাই ২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ০২.০০ টা
স্থান	ট্রাস্ট'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	“ক”

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

০২. সভাপতির অনুমতিক্রমে সহকারি পরিচালক (প্রশাসন) গত ২৮ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুন মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জুন ২০২২ মাসের সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে গত ২৮ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে সংশোধনীর জন্য কোনরূপ সুপারিশ পাওয়া যায়নি।	ট্রাস্টের জুন মাসের কার্যবিবরণী সর্বসম্মতিকরণে নিশ্চিত করা হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
২.	Software রক্ষণাবেক্ষণ	ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে ট্রাস্টের বিদ্যমান Software সমূহ সম্পর্কে আইসিটি শাখার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ধারণা থাকা প্রয়োজন। তিনি কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য উচ্চতর প্রশিক্ষণের কথা উল্লেখ করেন। ট্রাস্টে বিদ্যমান জনবলের দক্ষতা উন্নয়নের জন্য ‘বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল’ এর ‘Diploma in ICT’ কোর্সে পার্যায়ক্রমে কর্মকর্তা/কর্মচারীদের ঐ কোর্সে প্রেরণ করা সমীচীন।	ক) প্রস্তুতকৃত সফটওয়্যার সমূহের কার্যক্রম চলমান রাখার জন্য আইসিটি শাখার সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা /প্রশিক্ষণ প্রদান করতে হবে। তবে এক্ষেত্রে, ডাটা এন্ট্রি অপারেটরদের নিবন্ধন করা জন্য নির্দেশনা প্রদান করা হয়। খ) বর্তমান অর্থবছরে কমপক্ষে ০২ (দুই) জনকে বর্ণিত ডিপ্লোমা কোর্সে প্রেরণ করতে হবে।	প্রোগ্রামার

৩.	শাখা পরিদর্শন:	ব্যবস্থাপনা পরিচালক সভায় বলেন যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৮ অনুযায়ী প্রত্যেক শাখা কর্মকর্তা কর্তৃক নিজ নিজ শাখা প্রতি দুইমাসে ০১ বার পরিদর্শন করা বিধান রয়েছে।	প্রত্যেক শাখা কর্মকর্তা স্ব স্ব শাখা পরিদর্শন করে প্রতিবেদন পেশ করবেন।	সহকারী পরিচালক (সকল) এবং প্রোগ্রামার
৪.	সভা কক্ষের বিভিন্ন সুবিধাদি প্রস্তুত রাখা:	সভা কক্ষের বৈদ্যুতিক সুইচ, মাউথ পিস, এসি, প্রজেক্টর ব্যবহার উপযোগী করে প্রস্তুত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সভার পূর্বে সভা কক্ষের বৈদ্যুতিক সুইচ, মাউথ পিস, এসি, প্রজেক্টর এর সঠিকতা যাচাই করে ব্যবহার উপযোগী করে রাখতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	ই-নথি সংক্রান্ত:	ই-নথি কার্যক্রমের পরিমাণ বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ক) কোনো চিঠি ই-নথিতে আসলে সরাসরি নথিজাত করা যাবে না অন্ততঃপক্ষে শাখা কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে; খ) হার্ড কপিতে কোনো চিঠি আসলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী তা ই-নথিতে উপস্থাপন করবেন; এবং গ) প্রতি মাসের সমন্বয় সভার ০৩ (তিন) কর্মদিবস পূর্বের ই-নথির রিপোর্ট সভায় উপস্থাপন করবেন।	প্রোগ্রামার
৬.	স্বাস্থ্য বিধি অনুসরণ:	সাম্প্রতিক সময়ে কোভিড-১৯ এর প্রকোপ বেড়ে যাওয়ায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন এবং সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করার বিষয়ে আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে।	কর্মকর্তা/কর্মচারী (সকল)
৭.	পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত:	এডিস মশার বংশ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব ঘটছে। ট্রাস্ট অফিস পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়।	ক) নিজ নিজ কক্ষের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।	কর্মকর্তা/কর্মচারী (সকল)
			খ) এডিস মশার বংশ বৃদ্ধি রোধকল্পে অফিস আঙ্গিনায় দিনে দুইবার মশা নিধন স্প্রে করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

০৮.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচির Bounce Back সংক্রান্ত	ব্যবস্থপনা পরিচালক সভায় জানান যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় সকল উপবৃত্তি ও টিউশন ফি বিতরণে Bounce Back কৃত টাকার তথ্য সংরক্ষণ করে রাখা প্রয়োজন।	সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় সকল উপবৃত্তি ও টিউশন ফি বিতরণে Bounce Back কৃত টাকার তথ্য সংরক্ষণ করে রাখতে হবে।	স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
০৯.	সিনেসিস আইটি লি. এর সাথে চুক্তি বর্ধিতকরণ	সভায় ট্রাস্টের পরিচালক অবগত করেন যে, ট্রাস্টে স্নাতক ও সমমান পর্যায়ে উপবৃত্তি বিতরণ/রেজিস্ট্রেশনে চলমানকৃত 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' রক্ষণাবেক্ষণের চুক্তি আগস্ট -২০২২ তারিখে শেষ হয়ে যাবে। সেহেতু নতুন কোন সফটওয়্যার নির্মাণ/আপগ্রেডশন না করা অবদি **সিনেসিস আইটি লি.** এর সাথে আরো ০৬ (ছয়) মাস চুক্তি বর্ধিত করা যেতে পারে।	সিনেসিস আইটি লি. এর সাথে চুক্তি বর্ধিত করা প্রয়োজন কিনা ভাল করে পরীক্ষা করে চুক্তিপত্র ০৬ (ছয়) মাস বৃদ্ধির বিষয়টি ট্রাস্টি বোর্ড সভাপতি মাননীয় শিক্ষা মন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক, উপ-পরিচালক ও সহকারী পরিচালক (উপবৃত্তি)
১০.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি কাজের প্রতিবেদন	সভাকে ট্রাস্টের পরিচালক আরো অবগত করেন যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি-র কাজের মাসিক কোন প্রতিবেদন না থাকায় এর দাপ্তরিক কাজ বিলম্বিত হচ্ছে বিষয়ে হচ্ছে।	**'সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'** এর প্রত্যেক কর্মকর্তা প্রতিমাসের প্রথম সপ্তাহে তার কাজের প্রতিবেদন পেশ করবেন।	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি কর্মকর্তা (সকল)
১১.	ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা প্রদান সংক্রান্ত	সভাকে ট্রাস্টের পরিচালক সভাকে জানান যে, ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী দৈনিক হাজিরা প্রদানের লক্ষ্যে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা হয়, ম্যানুয়াললি হাজিরা রেজিস্ট্রার নাই বিধায় সকল কর্মকর্তা/কর্মচারীকে ডিজিটাল হাজিরা মেশিনে উপস্থিতি প্রদানের জন্য সভায় আলোচনা হয়।	ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র সকল কর্মকর্তা/কর্মচারী প্রতিদিন ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা প্রদান করবেন।	কর্মকর্তা/কর্মচারী (সকল)

০৫: আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১১৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯
০৪ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী (সকল)

২) সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, কর্মকর্তা-কর্মচারী (সকল)

যাদব সরকার
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)